গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চৌগাছা, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১১১.০৩৩.০০.০০১.২০২৫- ১৭৫ (৫০০) তারিখঃ ১৩/০২/২০২৫ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর জেলাধীন চৌগাছা উপজেলার নিম্নেবর্ণিত ইউনিয়ন সমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূণ্য পদে নিয়োগ করা হবে।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | শূন্য পদের ওয়ার্ড নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ০১ নং ফুলসারা | ০৫ ও ০৯ | মহল্লাদার | ০২ | সরকার কর্তৃক নির্ধারিত | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২। | ০৪ নং ধূলিয়ানী | ০২ ও ০৪ | মহল্লাদার | ০২ | সরকার কর্তৃক নির্ধারিত | ঐ |
| ০৩। | ০৫ নং চৌগাছা | ০১ | মহল্লাদার | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত | ঐ |
| ০৪। | ০৭ নং পাতিবিলা | ০৩ | মহল্লাদার | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত | ঐ |
| ০৫। | ০৯ নং স্বরুপদাহ | ০৬ | মহল্লাদার | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত | ঐ |
| ০৬। | ১০ নং নারায়নপুর | ০৭ ও ০৮ | মহল্লাদার | ০২ | সরকার কর্তৃক নির্ধারিত | ঐ |

## নিয়োগের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং চৌগাছা উপজেলার বর্ণিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা যশোর এর বরাবরে আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৩/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় পৌছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত উল্লেখ থাকবে। (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (জন্ম সনদ ও জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে (চ) ১৩/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে বয়স (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।

০৪। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্য হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা মাতার বা পোষ্যের অনুকুলের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৫। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর এর অনুকুলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৭। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স আগামী ১৩/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান, পোষ্য এর ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য।

০৮। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ওশিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে তা প্রমাণ হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অফিসার-ইন-চার্জ, চৌগাছা থানা, যশোর হতে চারিত্রিক সনদপত্র গ্রহণ করতে হবে।

১০। আবেদন পত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১১। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১২। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতিদিন অফিস চলাকালীণ সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

অপর পাতা –

১৪। মহল্লাদার পদে আবেদনকারীর যোগ্যতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।

১৫। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৭। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

Smita ১৩.০২.২৫
(সুস্মিতা সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১১১.০৩৩.০০.০০১.২০২৫- ১৭৫ (৫০০) তারিখঃ ১৩/০২/২০২৫ খ্রিস্টাব্দ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জেলা প্রশাসক, যশোর।
২। পুলিশ সুপার, যশোর।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।
৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, যশোর।

অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চৌগাছা, যশোর ও সদস্য সচিব, মহল্লাদার বাছাই কমিটি, চৌগাছা, যশোর।
৬। উপজেলা প্রকৌশলী, চৌগাছা, যশোর ও সদস্য মহল্লাদার বাছাই কমিটি, চৌগাছা, যশোর।
৭। অফিসার ইন চার্জ, চৌগাছা থানা, চৌগাছা, যশোর ও মহল্লাদার বাছাই কমিটি, চৌগাছা, যশোর।
৮। চেয়ারম্যান, .........................ইউনিয়ন পরিষদ, চৌগাছা,যশোর ও মহল্লাদার বাছাই কমিটি, চৌগাছা, যশোর। বিজ্ঞপ্তি খানা তার ইউনিয়নের সকল সদস্য ও দফাদার/মহল্লাদারের মাধ্যমে ওয়ার্ড এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। উপজেলা...............................অফিসার, চৌগাছা, যশোর । বহুল প্রচারের জন্য ।
১০। ইউপি প্রশাসনিক কর্মকর্তা,...........................ইউনিয়ন পরিষদ, চৌগাছা, যশোর। বহুল প্রচারের জন্য ।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,........................ইউনিয়ন ভূমি অফিস, চৌগাছা যশোর। বহুল প্রচারের জন্য ।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, চৌগাছা, যশোর। বিজ্ঞপ্তি খানা উপজেলা তথ্য বাতায়নে ও সকল ইউনিয়ন তথ্য বাতায়নের ওয়েব সাইডে প্রচারের জন্য।
১৩। নোটিশ বোর্ড।

Smita ১৩.০২.২৫
(সুস্মিতা সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা, যশোর।

# চাকরির আবেদন ফরম

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
ও
গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
চৌগাছা, যশোর।

৫X৫ সে.মি
ছবি (সম্প্রতি
তোলা চার কপি)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর